শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

## জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

## "দরপত্র বিজ্ঞপ্তি"

**ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল সরবরাহের নিমিত্তে প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।**

| ক্র. নং | দরপত্র নং | ক্রয়তব্য মালামাল | দরপত্র দলিলের মূল্য (টাকা) | জামানতের পরিমাণ | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) সংগ্রহের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১ | ০২/২০২০-২১ | স্টেশনারি মালামাল সরবরাহ | ১০০০/= | ২০,০০০/= | ২৬/০৭/২০২০ইং তারিখ রবিবার হইতে ১২/০৮/২০২০ইং বুধবার অফিস চলাকালীন পর্যন্ত। | গ্রহণের শেষ সময় ১৩/০৮/২০২০ইং তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত। খোলার সময় ১৩/০৮/২০২০ইং তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩৫ ঘটিকায়। |
| ০২ | ০৩/২০২০-২১ | মুদ্রণ সামগ্রী সরবরাহ | ১০০০/= | ৭০,০০০/= | | |
| ০৩ | ০৪/২০২০-২১ | বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহ | ১০০০/= | ৩৫,০০০/= | | |
| ০৪ | ০৫/২০২০-২১ | কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরিজ | ১০০০/= | ৩০,০০০/= | | |

**শর্তাবলীঃ**

০১। অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।

০২। আগ্রহী দরদাতাগণ ঠাকুরগাঁও পবিস এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হইতে বর্ণিত দরপত্রের বিপরীতে নির্ধারিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ঠাকুরগাঁও পবিস-এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটারহেডে প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঠাকুরগাঁও পবিস-এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোনো দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।

০৩। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোনো দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাক যোগে/ কুরিয়ার যোগে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঠাকুরগাঁও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এই ঠিকানায় দরপত্র পৌঁছাইতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। দরপত্রের সহিত ঠাকুরগাঁও পবিস এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হইতে স্টেশনারি মালামাল সরবরাহের জন্য ২০,০০০/= (বিশ হাজার মাত্র) টাকা, মুদ্রণ সামগ্রী সরবরাহের জন্য ৭০,০০০/=(সত্তর হাজার মাত্র) টাকা, বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহের জন্য ৩৫,০০০/= (পঁয়ত্রিশ হাজার মাত্র), কম্পিউটার এন্ড কম্পিউটার এক্সেসরিজ মালামাল সরবরাহের জন্য ৩০,০০০/= (ত্রিশ হাজার মাত্র) টাকার ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার (ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, ঠাকুরগাঁও এর যে কোন ব্যাংক শাখার উপর) দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। ব্যাংক গ্যারান্টি গ্রহনযোগ্য হইবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ঠাকুরগাঁও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ তে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

০৪। **দরপত্র দলিলের সহিত দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, আয়কর সনদপত্র, ব্যাংক সলভেন্সীর প্রত্যয়ন পত্র ও দরপত্রের উদ্ধৃত মূল্যের ৫০% মালামাল সরবরাহের অভিজ্ঞতা (সনদ/কার্যাদেশ) এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।**

০৫। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাইতে হইবে।

০৬। কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের ক্ষেত্রে (ক) দরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্য পদ থাকিতে হইবে। এর প্রমাণ স্বরূপ সদস্য নম্বর উল্লেখ করিতে হইবে এবং কম্পিউটার সমিতির এতদসংক্রান্ত পত্রের হালনাগাদ অনুলিপি প্রদান করিতে হইবে। (খ) প্রস্তাবকৃত সার্ভার, ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ও এক্সেসরিজসহ সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে Manufacturer এর Authorization Letter/ Dealership/ Distributor/ Reseller হিসাব সনদ থাকিতে হইবে। (গ) দরপত্রে অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টার এবং স্থায়ী লোকবল থাকিতে হইবে।

০৭। মুদ্রন সামগ্রী সরবরাহের ক্ষেত্রে বাংলাদেশ মুদ্রন শিল্প সমিতির সনদপত্র থাকিতে হইবে।

০৮। কোনো কারণে উল্লিখিত কার্যদিবস সমূহে যদি সরকারী ছুটি ঘোষনা করা হয়, তবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাইবে।

০৯। ঠাকুরগাঁও পবিস কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি।